

**বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মালিকানাধীন জমিতে বিজ্ঞাপন প্রচারের
জন্য জমি ও স্থাপনা অস্থায়ীভাবে বরাদ্দ দেয়ার লক্ষ্যে প্রণীত নির্দেশিকা**

১.০ সংক্ষিপ্ত শিরোনামঃ

এ নির্দেশিকা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (বাসেক) বিজ্ঞাপন নির্দেশিকা-২০০৮ নামে অভিহিত হবে।

১.১১ পরিধিঃ

এ নির্দেশিকা বাসেক-এর মালিকানাধীন জমির সীমানার মধ্যে এবং বাসেক নিয়ন্ত্রণাধীন যে কোন স্থাপনার (ভূমি অথবা ইমারত) উপর বিভিন্ন আকার ও ধরণের বিজ্ঞাপনের জন্য প্রযোজ্য হবে। কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের আবেদনের উপর ভিত্তি করে বিজ্ঞাপন প্রচারের জন্য স্থান বরাদ্দ করা হবে।

২.০ সংজ্ঞাঃ

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে, এ নির্দেশিকায়ঃ

- ২.১ “কর্তৃপক্ষ” বলতে নির্বাহী পরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে বুঝাবে;
- ২.২ “কমিটি” বলতে এ নীতিমালার অধীন বিজ্ঞাপন ফলক স্থাপনের প্রতিষ্ঠান নির্বাচন ও স্থান নির্ধারণের জন্য গঠিত কমিটিতে বুঝাবে;
- ২.৩ “কারিগরী বিভাগ” বলতে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ-এর কারিগরী বিভাগকে বুঝাবে;
- ২.৪ “সাইট অফিস” বলতে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন সেতু এলাকায় স্থাপিত অফিস এবং তৎস্থানে কর্মরত কর্মকর্তাগণকে বুঝাবে;
- ২.৫ “বৎসর” বলতে অর্থ বৎসরকে (জুলাই হতে জুন) বুঝাবে;
- ২.৬ “বিজ্ঞাপন ফলক” বলতে বাসেক-এর মালিকানাধীন জমি বা দালান/ইমারত বা উহার অংশবিশেষ বা অন্য কোন স্থান বা উহার অংশবিশেষ, যা পণ্য বা অন্যবিধ কিছু ব্যবসার উদ্দেশ্যে প্রচারের জন্য অস্থায়ীভাবে স্থাপনের জন্য অনুমতি দেয়া হবে;
- ২.৭ “নির্বাহী পরিচালক” বলতে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ-এর নির্বাহী পরিচালককে বুঝাবে;
- ২.৮ “সাময়িক বা অস্থায়ী বরাদ্দ প্রাপক” বলতে বিজ্ঞাপন প্রদর্শন বা স্থাপনের জন্য সাময়িক বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে বুঝাবে;
- ২.৯ “Bel Sign” বলতে একটি সোজা পোলের উপর নির্দিষ্ট মাত্রার উচ্চতায় স্থাপিত সাইনকে বুঝাবে;
- ২.১০ “Clearance (স্বেচ্ছতা)” বলতে Pavement বা গ্রেড বা ভূমি (যে ক্ষেত্রে প্রযোজ্য) হতে সাইন বোর্ডের নিম্ন প্রান্তের ব্যবধানকে বুঝাবে;
- ২.১১ “Combination Sign” অর্থ একটি আউটডোর সাইন যার মধ্যে প্রচলিত একাধিক সাইনের বৈশিষ্ট্য বিদ্যমান।
- ২.১২ “Electric Sign” বলতে সচরাচর প্রানবন্ত আলোক-উজ্জল টিউব অথবা বাতি ও অন্যান্য ইলেকট্রিক ফিটিং দ্বারা সজ্জিত একটি আউটডোর বিজ্ঞাপনী ডিসপ্লে সাইনকে বুঝাবে।
- ২.১৩ “Electric Pole Sign” বলতে ইলেকট্রিক পোলে ভূমি থেকে নির্ধারিত উচ্চতায় স্থাপিত সাইনকে বুঝাবে;
- ২.১৪ “Free standing Sign” বলতে একটি ফ্রেম, পোল অথবা অন্যান্য সহযোগী স্থাপনার মাধ্যমে তৈরী সাইন, যা কোন বিল্ডিং এর সাথে যুক্ত হবে না, এরূপ সাইনকে বুঝাবে;
- ২.১৫ “Ground Sign” বলতে ভূমিতে স্থাপিত স্বাধীন স্থাপনা, পোল অথবা যানবাহনের উপরিভাগে বা মোবাইল স্থাপনার মাধ্যমে ভূমির উপর প্রদর্শিত অথবা মুদ্রিত একটি আউটডোর এ্যাডভার্টাইজিং ডিসপ্লে সাইনকে বুঝাবে;
- ২.১৬ “Hoarding/Bill Board/Nion” বলতে ভূমিতে অথবা ইমারতের দেওয়াল অথবা ছাদে স্থাপিত সাইনবোর্ডকে বুঝাবে;
- ২.১৭ “Marquee Sign” বলতে একটি অভিক্ষেপনকারী সাইন (Projected sign), যা Marquee ক্যানোপিতে সংযুক্ত অথবা টানানো থাকে/হয়, এরূপ সাইনকে বুঝাবে;

- ২.১৮ “Mega Sign” বলতে ভূমিতে স্থাপিত T আকৃতির অথবা ফ্লগ আকৃতির সাইনকে বুঝাবে;
- ২.১৯ “Plastic/panaflex sign” বলতে অনুমোদিত প্লাস্টিকের তৈরী সাইনকে বুঝাবে;
- ২.২০ “Public passage” বলতে জনসাধারণ চলাচলের পথ, যার প্রশস্ততা ২.৫ মিটার এর কম, এরূপ passage বা পথকে বুঝাবে;
- ২.২১ “Right of way of the road” বলতে বাসেক-এর সড়ক, সেতু ও কালভার্ট এবং সংলগ্ন অধিগ্রহণকৃত ভূমিকে বুঝাবে;
- ২.২২ “Unipole” বলতে ভূমিতে স্থাপিত একটি একক স্থাপনা, যার সর্বোচ্চ অবস্থানে বিজ্ঞাপন বিজ্ঞাপিত/স্থাপিত হবে, এরূপ সাইনকে বুঝাবে;
- ২.২৩ “Wall Sign” বলতে ওয়াল সাইন বা দেয়াল সাইন, যা দোকান বা ব্যবসা প্রতিষ্ঠানের নাম প্রদর্শনের জন্য দোকান বা ব্যবসার প্রবেশ পথের উপর ও ভবনের দেয়ালে মুদ্রিত বা প্রদর্শিত সাইনকে বুঝাবে; এবং
- ২.২৪ “Mini pole” বলতে ভূমিতে স্বল্প দৈর্ঘ্যের স্তম্ভের উপর স্থাপিত একটি একক স্থাপনা, যার সর্বোচ্চ অবস্থানে বিজ্ঞাপন বিজ্ঞাপিত/স্থাপিত হবে, এরূপ সাইনকে বুঝাবে।

৩.০ বিজ্ঞাপন ফলক স্থাপনের স্থান নির্ধারণ ও বরাদ্দের জন্য কমিটি গঠন এবং কার্যপরিধিঃ

৩.১ নিম্ন বর্ণিত সদস্য সমন্বয়ে একটি বরাদ্দ কমিটি গঠিত হবেঃ

(ক)	পরিচালক (প্রশাসন)	-	সভাপতি
(খ)	অতিরিক্ত পরিচালক (প্রশাসন)	-	সদস্য
(গ)	অতিরিক্ত পরিচালক (অর্থ ও হিসাব)	-	সদস্য
(ঘ)	উপ-পরিচালক (প্রশাসন ও এস্টেট)	-	সদস্য
(ঙ)	উপ-পরিচালক (সড়ক ও সেতু)	-	সদস্য
(চ)	সাইট অফিসের ১ জন সহকারী প্রকৌশলী	-	সদস্য
(ছ)	ও এন্ড এম অপারেটরের সিভিল ইঞ্জিনিয়ার	-	সদস্য
(জ)	সহকারী পরিচালক (এস্টেট)	-	সদস্য-সচিব

৩.২ কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবেঃ

(ক) কমিটি সময় সময় প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করবে এবং প্রাথমিক বাছাইয়ে গৃহীত আবেদনসমূহের জায়গা বরাদ্দের সুপারিশ পেশ করার পূর্বে প্রয়োজনে প্রস্তাবিত সাইট/স্থান সরেজমিন পরিদর্শন করবে;

(খ) আবেদন বাছাই এবং প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত ড্রইং, ডিজাইন, প্রতিষ্ঠানের অভিজ্ঞতা ইত্যাদি বিবেচনা করবে। এছাড়া যে উদ্দেশ্যে ভাড়া নিতে ইচ্ছুক তা সেতু এলাকার পারিপার্শ্বিক পরিবেশ ও সৌন্দর্যের সংগে সামঞ্জস্যপূর্ণ কিনা তাও বিবেচনা করবে এবং এতদসংক্রান্ত সুপারিশ পেশ করবে;

(গ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় এতদসংক্রান্ত প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করবে;

৩.৩ বিজ্ঞাপনের জন্য স্থান বরাদ্দ কমিটি তার দায়িত্ব যথাযথভাবে পালনে সহায়তা করার জন্য কর্তৃপক্ষের যে কোন কর্মকর্তাকে কো-অপট করতে পারবে। এছাড়া কোন সভায় প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন কর্তৃপক্ষের যে কোন কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করতে পারবে;

৩.৪ বিজ্ঞাপন বরাদ্দ কমিটির সদস্য-সচিব কমিটির সভাপতির সম্মতিক্রমে সভা আহ্বান করবে। এ ছাড়া সদস্য-সচিব সভাপতির সংগে আলোচনা করে অথবা তাঁর অনুমতিক্রমে সভার আলোচনার বিষয়, সভার স্থান এবং প্রাসংগিক বিষয়সমূহ নির্ধারণ করবে;

৩.৫ সদস্য-সচিব সভার কার্যপত্র এবং কার্যবিবরণী তৈরী করবে এবং সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষরপূর্বক সভাপতির স্বাক্ষরে তা কর্তৃপক্ষের বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করবে; এবং

৩.৬ স্থান বরাদ্দ কমিটির সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাধিক্যের মতামতের ভিত্তিতে যে কোন বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে।

৪.০ ভাড়া হারঃ

৪.১	আলোকিত বিজ্ঞাপনঃ প্রতি বর্গফুট বার্ষিক	=	২৫০/- টাকা
৪.২	অনালোকিত বিজ্ঞাপনঃ প্রতি বর্গফুট বার্ষিক	=	২০০/- টাকা

৫.০ সাধারণ নির্দেশাবলী/প্রতিপালনীয় বিষয়ঃ

- ৫.১ উভয় টোল প্লাজার উপরের ফাঁকা জায়গা উন্মুক্ত বিজ্ঞাপ্তির মাধ্যমে বিজ্ঞাপনের জন্য বরাদ্দ দেয়া যেতে পারে;
- ৫.২ প্রতিটি ক্ষেত্রে চুক্তির মেয়াদ ১ বছর হবে, যা চুক্তি স্বাক্ষরের তারিখ হতে গণনা করা হবে। পুরো বছরের ভাড়া চুক্তি স্বাক্ষরের পূর্বে সম্পূর্ণ পরিশোধ করতে হবে;
- ৫.৩ বাসেক বা সরকার কর্তৃক এতদুশ্যে সময় সময় সার্কুলার/পরিপত্র/প্রজ্ঞাপন/নীতিমালা/নির্দেশিকা বা অন্যবিধ যা কিছু জারী বা প্রণয়ন করা হোক না কেন, তা এ ক্ষেত্রে অবশ্যই পালনীয় হিসেবে গণ্য হবে; এবং
- ৫.৪ বাসেক সময় সময় অত্র নির্দেশিকার যে কোন ধারা সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন করতে পারবে।

যমুনা সেতুর পূর্ব পাড়ঃ

- ৫.৫ যমুনা সেতুর পূর্ব পাড়ে এলেঞ্জা হতে গোলচত্বর পর্যন্ত রাস্তার সংযোগ সড়কের উত্তর পার্শ্বে সড়ক ও বাংলাদেশ রেলওয়ের মধ্যবর্তী স্থানে ফাইবার অপটিক্যাল কেইবল লাইন স্থাপনের কারণে উক্ত স্থানে কোন বিজ্ঞাপনী স্থাপনা নির্মাণের অনুমতি দেয়া যাবে না;
- ৫.৬ যমুনা সেতু থেকে ঢাকার দিকে ৫ কিঃ মিঃ দূরত্বে রেললাইনের উত্তর পার্শ্বে embankment Slope-এর পরে বাসেক-এর জায়গা বিজ্ঞাপনের জন্য বরাদ্দ দেয়া যেতে পারে;
- ৫.৭ সংযোগ সড়কের দক্ষিণ দিকে যে সকল স্থান ফাঁকা আছে, সেখানে Pavement edge হতে ৫ মিটার দূরে ছোট আকারে Mini pole বিজ্ঞাপন প্রচারের জন্য বরাদ্দ দেয়া যেতে পারে;
- ৫.৮ সংযোগ সড়কের Slope-এর পরে খালি জায়গা বিজ্ঞাপনের জন্য বরাদ্দ দেয়া যেতে পারে;
- ৫.৯ পূর্ব গোলচত্বর হতে টোল প্লাজা পর্যন্ত সড়কের দক্ষিণে সীমিত আকারে Pavement edge এর ৫ মিটার দূরে সৌন্দর্য বর্ধনের বিজ্ঞাপনের জন্য সীমিত আকারে বরাদ্দ দেয়া যেতে পারে; এবং
- ৫.১০ উভয় সংযোগ সড়কের বার্ম এলাকায় স্থাপিত ২৪ ইঃ ব্যাসের গ্যাস পাইপলাইন এবং বর্তমানে প্রস্তাবিত ৩০ ইঃ ব্যাসের পাইপলাইনের উত্তর ও দক্ষিণ দিকে আরো ৩ মিটার করে মোট ৬.০০ মিটার জায়গা কোন বিজ্ঞাপনের জন্য বরাদ্দ দেয়া যাবে না।

যমুনা সেতুর পশ্চিম পাড়ঃ

- ৫.১১ পশ্চিম গোলচত্বর এর পরে সংযোগ সড়কের উত্তরে অপটিক্যাল ফাইবার কেবল লাইন এর পরে mini pole ও বিল বোর্ড-এর জন্য বরাদ্দ দেয়া যেতে পারে; এবং
- ৫.১২ সংযোগ সড়কের দক্ষিণ দিকে যে সকল স্থান ফাঁকা আছে, সেখানে Pavement edge হতে ৫ মিটার দূরে ছোট আকারে mini pole বিজ্ঞাপন প্রচারের জন্য বরাদ্দ দেয়া যেতে পারে;

৬.০ সৌন্দর্যবর্ধনের উদ্দেশ্যে ভাড়া প্রদানঃ

- ৬.১ পূর্ব ও পশ্চিম গোলচত্বরকে সৌন্দর্যবর্ধনের উদ্দেশ্যে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে রক্ষণাবেক্ষণের শর্তে বিজ্ঞাপনের জন্য বরাদ্দ দেয়া যেতে পারে;এবং
- ৬.২ পূর্ব গোলচত্বর হতে পূর্ব টোল প্লাজা এবং পশ্চিম গোলচত্বর হতে পশ্চিম টোল প্লাজা পর্যন্ত সংযোগ সড়কের উভয় পার্শ্বে সৌন্দর্যবর্ধনের উদ্দেশ্যে রক্ষণাবেক্ষণের শর্তে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে বরাদ্দ দেয়া যেতে পারে।

৭.০ বাসেক কর্তৃক ইজারা বা বরাদ্দকৃত জমিতে বিজ্ঞাপনের জন্য বরাদ্দের হারঃ

৭.১ বাসেক কর্তৃক ইজারা বা বরাদ্দকৃত জমি এবং স্থাপনার কোনো স্থান বিজ্ঞাপন প্রচারের জন্য বরাদ্দ প্রদান করলে বাসেককে নিম্নরূপ হারে ভাড়া প্রদান করতে হবেঃ

(ক)	আলোকিত বিজ্ঞাপনঃ প্রতি বর্গফুট বার্ষিক	=	১০০/- টাকা
(খ)	অনালোকিত বিজ্ঞাপনঃ প্রতি বর্গফুট বার্ষিক	=	৭৫/- টাকা

৭.২ এক্ষেত্রে ব্যক্তি বা প্রতিষ্ঠান এতদসংক্রান্ত নকশা বাসেক-এর নিকট জমা দিবে এবং কেবলমাত্র বাসেক-এর অনুমোদনের পর বিজ্ঞাপন প্রচার করা যাবে;

৭.৩ বাসেক-এর প্রাপ্য বরাদ্দ প্রতি বছর সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান বৎসর শুরুর ১ (এক) মাসের মধ্যে ক্রসড চেকের মাধ্যমে এককালীন বাসেককে পরিশোধ করবে; এবং

৭.৪ লীজ/ইজারা/বরাদ্দ/বন্দোবস্ত গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বরাদ্দ পরিশোধ করা না হলে এবং নির্ধারিত শর্তাবলী সঠিকভাবে প্রতিপালন করা না হলে বাসেক বিনা নোটিশে এবং কোনরূপ ক্ষতিপূরণ প্রদান ব্যতীত অনুমতি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবে।

৮.০ অন্যান্য সেতুর ক্ষেত্রে অত্র নির্দেশিকা প্রয়োগঃ

৮.১ যমুনা সেতু এলাকা ব্যতীত বাসেক কর্তৃক ভবিষ্যতে নির্মিত সেতুসহ সকল সেতু বাইপাস, সংযোগ সড়ক, টোল সড়ক, ফ্লাইওভারসহ কর্তৃপক্ষের অধ্যাদেশে উল্লিখিত অন্যান্য স্থাপনার ক্ষেত্রে অত্র নির্দেশিকা সংযোজন/বিস্তারিতসহ যথাপ্রযোজ্য প্রতিপালিত/প্রযোজ্য হবে।

=== ০ ===